গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আলফাডাঙ্গা, ফরিদপুর
(www.alfadanga.faridpur.gov.bd)

স্মারক নং-০৫.১২.২৯০৩.০০১.০১.০৩৪.২৩.৮৫৩ তারিখঃ ২১/১২/২০২৩খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

ফরিদপুর জেলার আলফাডাঙ্গা উপজেলাধীন আলফাডাঙ্গা, বানা ও পাঁচুড়িয়া ইউনিয়ন পরিষদে গ্রাম পুলিশ (মহল্লাদার) এর শূন্য পদের বিপরীতে গ্রাম পুলিশ নিয়োগের জন্য সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে (স্ব স্ব ওয়ার্ডে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী ওয়ার্ড থেকে নিয়োগ প্রদান করা হবে)।

| ক্রঃনং | ইউনিয়ন | পদের নাম | পদের সংখ্যা | ওয়ার্ড নং | নিয়োগ পদ্ধতি | বেতন | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|---|
| ১০. | আলফাডাঙ্গা | মহল্লাদার | ২ | ৬ ও ৮ | সরাসরি নিয়োগ | সরকার কর্তৃক নির্ধারিত (৩২৫০+৩২৫০) =৬৫০০/- | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১১. | বানা | মহল্লাদার | ১ | ৮ | | | |
| ১২. | পাঁচুড়িয়া | মহল্লাদার | ১ | ৯ | | | |

## নিয়োগের শর্তাবলী

১। আবেদনপত্রে ক) প্রার্থীর নাম (বাংলা ও ইংরেজিতে), খ) পিতা/স্বামীর নাম, গ) মাতার নাম, ঘ) স্থায়ী ঠিকানা, ঙ) বর্তমান ঠিকানা, চ) জন্ম তারিখ (জন্ম সনদ দাখিল করতে হবে), ছ) বয়স, জ) জাতীয়তা, ঝ) ধর্ম, ঞ) শিক্ষাগত যোগ্যতা, ট) অভিজ্ঞতা (যদি থাকে), ঠ) বিশেষ কোটার প্রার্থী হলে কোটার নাম উল্লেখসহ আবেদন করতে হবে।

২। শারীরিক যোগ্যতা:
পুরুষ প্রার্থীর ক্ষেত্রে:
ক) উচ্চতা সর্বনিম্ন ৫ ফুট ২ ইঞ্চি, খ) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) গ) ওজন সর্বনিম্ন ৫০ কেজি
মহিলা প্রার্থীর ক্ষেত্রে:
ক) উচ্চতা সর্বনিম্ন ৫ ফুট, খ) বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) গ) ওজন সর্বনিম্ন ৪৫ কেজি

৩ । আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:

ক) প্রার্থীর সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি, খ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ পত্র, গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি, ঘ) জন্ম নিবন্ধনের সত্যায়িত ফটোকপি, ঙ) প্রথম শ্রেণির গেজেটেড কর্তকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূল কপি, চ) সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপি।

৪। আবেদন পত্রের সাথে উপজেলা নির্বাহী অফিসার, আলফাডাঙ্গা, ফরিদপুর এর অনুকূলে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে।

৫। মহল্লাদার পদে প্রার্থীর বয়স ০১/১২/২০২৩ খ্রিঃ তারিখে অবশ্যই ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা সন্তান/পোষ্য এর ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। প্রার্থীর বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৬। মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে জাতীয় তালিকা/লাল মুক্তিবার্তা তালিকা/মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সনদ স্বাক্ষরিত হতে হবে। অন্য সকল সাময়িক সনদ/গেজেটভুক্ত মুক্তিযোদ্ধা পোষ্যদের আবেদনের সাথে এ মর্মে অঙ্গীকার প্রদান করতে হবে যে, চূড়ান্ত তালিকায় মুক্তিযোদ্ধা হিসেবে তালিকাভুক্ত হতে না পারলে তার চাকুরি বাতিল হবে। উপযুক্ত সনদের কপি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। অন্যান্য কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত/প্রমাণপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৭। প্রার্থীর বয়সের ক্ষেত্রে জন্ম নিবন্ধন, জাতীয় পরিচয় পত্র ও শিক্ষাগত যোগ্যতার সনদের বয়স একই হতে হবে। এ বিষয়ে কোন তথ্য গোপন করলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

CamScanner

০৮। চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৯। আবেদন আগামী ২৮/১২/২০২৩ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সরাসরি অথবা ডাকযোগে পৌছাতে হবে।

১০। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

১১। আবেদনপত্রের উপর কোন প্রকার সুপারিশ গ্রহণযোগ্য হবে না।

১২। প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০/- টাকার ডাক টিকেটযুক্ত ৪.৫/১০ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে এবং খামের উপর মোটা অক্ষরে পদের নাম/কোটার নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

১৩। নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে অবশ্যই অফিসার ইনচার্জ, আলফাডাঙ্গা থানা, আলফাডাঙ্গা হতে চারিত্রিক সদাচরণ সনদপত্র গ্রহণ করতে হবে।

১৪। প্রার্থীকে নিয়োগ পরীক্ষা অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

১৫। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি বিবেচনা করা হবে না।

১৬। কোন তথ্য গোপন করে চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলে কর্তৃপক্ষের নজরে আসামাত্র কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ আদেশ বাতিল করা হবে।

১৭। পরবর্তীতে প্রার্থীদের চাকুরি স্থায়ীকরণের বিষয়ে স্থানীয় সরকার মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

21.12.23

(জ্যোতিশ্বর পাল)
উপজেলা নির্বাহী অফিসার
আলফাডাঙ্গা, ফরিদপুর
ফোনঃ ০৬৩২৪৫৬১৩১

স্মারক নং-০৫.১২.২৯০৩.০০১.০১.০৩৪.২৩.৮৫৩/১(৭) তারিখঃ ২১/১২/২০২৩খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। জেলা প্রশাসক, ফরিদপুর।
০২। উপপরিচালক, স্থানীয় সরকার, ফরিদপুর।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আলফাডাঙ্গা, ফরিদপুর।
০৪। অফিসার ইনচার্জ, আলফাডাঙ্গা থানা, আলফাডাঙ্গা, ফরিদপুর।
০৫। উপজেলা .................................... অফিসার, আলফাডাঙ্গা, ফরিদপুর।
০৬। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আলফাডাঙ্গা, ফরিদপুর। তাকে বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৭। চেয়ারম্যান, আলফাডাঙ্গা/বানা/পাঁচুড়িয়া ইউপি , আলফাডাঙ্গা, ফরিদপুর। তাকে বিজ্ঞপ্তিটি তার ইউনিয়নের নোটিশ বোর্ড, বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে, ইউনিয়ন ওয়েব পোর্টালে আপলোডসহ ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৮। অফিস কপি।

21.12.23

উপজেলা নির্বাহী অফিসার
আলফাডাঙ্গা, ফরিদপুর

CamScanner